



বাংলা

ADDAPEDIA

Daily Current Affairs Encyclopedia

18 January 2024

National & International News

<p>ভারত ও যুক্তরাজ্য দুটি চুক্তি স্বাক্ষর করেছে</p>	<p>প্রসঙ্গ</p> <ul style="list-style-type: none"><li>ভারত এবং যুক্তরাজ্য একটি দ্বিপাক্ষিক আন্তর্জাতিক ক্যাডেট বিনিময় কর্মসূচির জন্য একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করেছে। এছাড়াও, উভয় দেশ গবেষণা ও উন্নয়নের জন্য প্রতিরক্ষা সহযোগিতা বিষয়ে একটি লেটার অফ অ্যারেঞ্জমেন্ট (LoA) স্বাক্ষর করেছে।</li><li>ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন এবং যুক্তরাজ্যের ডিফেন্স সয়েন্স অ্যান্ড টেকনোলজি ল্যাবরেটরির মধ্যে R&amp;D সংক্রান্ত লেটার অফ অ্যারেঞ্জমেন্ট (LoA) স্বাক্ষরিত হয়েছে।</li></ul>
<p>সিসাল পাতা</p> 	<p>প্রসঙ্গ</p> <p>স্ট্যানফোর্ড ইউনিভার্সিটির বিজ্ঞানীরা একটি অত্যন্ত উচ্চমানের শোষক উপাদান তৈরিতে সিসাল পাতার ব্যবহার নিয়ে গবেষণা করছেন যা স্যানিটারি ন্যাপকিনে তুলো, কার্ণামণ্ড এবং রাসায়নিক শোষককে প্রতিস্থাপন করতে পারে।</p> <p>গুরুত্বপূর্ণ দিক</p> <ul style="list-style-type: none"><li>সিসাল পাতা দিয়ে তৈরি উপাদানের শোষণ ক্ষমতা বাণিজ্যিক মেক্সট্রুয়াল প্যাডের চেয়ে বেশি বলে জানা গেছে।</li><li>গবেষকদের দ্বারা বিকশিত এই পদ্ধতিটি যান্ত্রিকভাবে একটি ডেকোরটিকেটর ব্যবহার করে সিসাল পাতা থেকে ফাইবারগুলিকে আলাদা করে এবং বিশেষ প্রক্রিয়ার মাধ্যমে ফাইবার বা তন্তুগুলিকে আরও সুন্দর করে।</li><li>এই গবেষণায় দাবি করা হয়েছে যে এই প্রক্রিয়াটি কোনো দূষণকারী পদার্থ বা বিষাক্ত রাসায়নিক ব্যবহার করে না এবং পরিবেশগতভাবে টেকসই (সাস্টেইনেবল) হওয়ার কারণে এটি ছোটো স্কেলেও পরিচালিত হতে পারে।</li></ul>
<p>ছত্তিশগড় সরকার অযোধ্যা সফরের পরিকল্পনা চালু করেছে</p>	<p>প্রসঙ্গ</p> <ul style="list-style-type: none"><li>ছত্তিশগড় সরকার রাম লালা দর্শন (অযোধ্যা ধাম) যোজনা অনুমোদন করেছে।</li><li>এই প্রকল্পের অধীনে, প্রতি বছর রাজ্যের 20,000 যোগ্য বাসিন্দাকে অযোধ্যার পবিত্র শহরে তীর্থযাত্রার জন্য নিয়ে যাওয়া হবে।</li></ul>
<p>বেকারত্ব সম্পর্কে আইএলও (ILO) এর মতামত</p> 	<p>প্রসঙ্গ</p> <ul style="list-style-type: none"><li>আন্তর্জাতিক শ্রম সংস্থার (ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন বা ILO) 'ওয়ার্ল্ড এমপ্লয়মেন্ট অ্যান্ড সোশ্যাল আউটলুক: ট্রেন্ডস 2024' রিপোর্ট অনুযায়ী, 2024 সালে বিশ্বব্যাপী বেকারত্বের হার বাড়তে চলেছে এবং ক্রমবর্ধমান সামাজিক বৈষম্য এখনও একটি উদ্বেগ হিসাবে রয়ে গেছে।</li><li>এই রিপোর্ট আনুযায়ী বেকারত্ব এবং চাকরির ক্ষেত্রে ব্যবধান উভয়ই প্রাক-মহামারী স্তরের নীচে নেমে গেছে; তবে 2024 সালে বিশ্বব্যাপী বেকারত্ব বাড়বে বলে মনে করা হচ্ছে।</li></ul>
<p>'সংখ্যালঘুদের' প্রতিষ্ঠান খোলার অধিকার</p>	<p>প্রসঙ্গ</p> <p>সুপ্রিম কোর্ট পর্যবেক্ষণ করেছে যে, সংবিধানের অনুচ্ছেদ 30(1) এর অধীনে ধর্মীয় ও ভাষাগত সংখ্যালঘুদের তাদের নিজস্ব শিক্ষাপ্রতিষ্ঠান প্রতিষ্ঠা ও পরিচালনা করার</p>



বাংলা

ADDA247

## Daily Current Affairs Encyclopedia

অধিকার তাদের "সীমিত" (ghettoize) করার উদ্দেশ্যে ছিল না।

গুরুত্বপূর্ণ দিক

- একটি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যালঘু চরিত্র নষ্ট হয় না যদি এর প্রতিষ্ঠাতারা, যারা একটি নির্দিষ্ট সংখ্যালঘু সম্প্রদায়ের অন্তর্ভুক্ত, তারা সংখ্যাগরিষ্ঠ গোষ্ঠীসহ অন্যান্য সম্প্রদায়ের প্রশাসকদের প্রতিষ্ঠানটি পরিচালনার জন্য বেছে নেন।
- অনুচ্ছেদ 30 এই বাধ্যবাধকতা দেয় না যে, একটি সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসন শুধুমাত্র সেই সম্প্রদায়ের সদস্যদের দ্বারাই হওয়া উচিত।
- সংবিধানের অনুচ্ছেদ 30(1) এর এই বিধানটি সংখ্যালঘু সম্প্রদায়কে তাদের প্রতিষ্ঠানের প্রশাসক বেছে নেওয়ার বিচক্ষণতা প্রদান করে।

Copyright © by Adda247

All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system, or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording, or otherwise, without prior permission of Adda247.